৩৭

দৈনিক ইনকিলাব

তারিখ 20 APR 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গন

### রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

বাংলাদেশ দূর শিক্ষণ ইনস্টিটিউট (বাইড) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণাধীন। এটি অত্যন্ত পরিতাপের বিষয় যে,, কিছু কিছু ক্ষেত্রে দূর শিক্ষণে বিএড পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের কেউ কেউ ৩/৪ বছর অপেক্ষা করে ও তাদের অতি প্রয়োজনীয় সনদপত্র পাচ্ছে না। আমি এ জাতীয় একজন ভুক্তভোগী প্রশিক্ষণার্থী।

আমি শিক্ষাবর্ষ ১৯৮৫-৮৭ সালের ফেনী অঞ্চলের ১ম ব্যাচের প্রশিক্ষণার্থী। উক্ত প্রশিক্ষণের ফলাফল প্রকাশের পর বাইড পত্র সূত্র নং- বি এড (পরামর্শ ও নির্দেশনা বিভাগ)/৮৭/২৫৭০ তারিখ ০৯-৬-৯১ মোতাবেক ২০০.০০ (দুইশত) টাকা উত্তরা ব্যাংকে জমার রশিদসহ ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের পরিচালক (বাইড)-এর অফিসে গিয়ে দেখি যে, ফলাফল প্রকাশনা অনুযায়ী আমার সনদপত্র উচ্চতর দ্বিতীয় শ্রেণী প্রিন্ট হয়েছে। কিন্তু মার্কশীট অনুযায়ী দ্বিতীয় শ্রেণী মাত্র। সনদপত্র ও মার্কশীটের মধ্যে গরমিলের কারণে পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী আমাকে শুধু মার্কশীট সরবরাহ দিয়ে বললেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক সনদপত্রটি সংশোধনপূর্বক অনতিবিলম্বেই সরবরাহ দেয়া হবে। সেই ১৯৯১ সাল হতে আমি বাইডে যোগাযোগ রক্ষা করে আসছি কিন্তু সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনীহার কারণে আজ অবধি সংশোধিত সনদপত্র আমার ভাগ্যে জুটেনি।

মোঃ নিজাম উদ্দিন, শিক্ষার্থী নং ১২৭, শিক্ষা বর্ষ ১৯৮৫-৮৭, ফেনী অঞ্চল।